

POPI নিয়োগ বিজ্ঞপ্তি

পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) জাতীয় পর্যায়ে একটি বেসরকারি উন্নয়ন সংস্থা। পিপি ২০১০ইং সন থেকে নিকলী উপজেলার ছাত্রিচর ও সিংপুর ইউনিয়নে ভাসমান বিদ্যালয় পরিচালনা করে আসছে। সম্প্রতি ভাসমান বিদ্যালয়ের কার্যক্রম কিশোরগঞ্জ সদর উপজেলায়ও সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কার্যক্রম বাস্তবায়নের লক্ষে কিশোরগঞ্জ সদর উপজেলায় নিম্নলিখিত পদে কাজ করতে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	: সুপারভাইজার
বেতন	: সর্বসাকুল্যে ২২,০০০/-। এছাড়াও প্রকল্প নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা প্রাপ্য হবেন।
কর্মস্থল	: কিশোরগঞ্জ জেলার সদর উপজেলা।
প্রকল্প মেয়াদ	: ৩০শে জুন ২০২৬ পর্যন্ত (নবায়নযোগ্য)
বয়স	: ৪০ বছর।

দায়িত্ব ও কর্তব্যঃ

- প্রকল্পের সাথে সম্পৃক্ত উপকারভোগী এবং প্রকল্পের অন্যান্য কর্মীদের সাথে কার্যকরী যোগাযোগ ও সমন্বয়ের মাধ্যমে সামাজিক কার্যক্রম বাস্তবায়ন, জরিপ কার্য সম্পাদন, প্রকৃত বিদ্যালয় বহির্ভূত শিশুর তালিকা প্রস্তুতকরণ, শিশু যাচাই বাছাই পূর্বক উপযুক্ত শিক্ষার্থী ভর্তি, সিএমসি গঠন, পাঠ্যপুস্তক ও উপকরণ সরবরাহ কর্মকান্ড বাস্তবায়ন করা।
- শিক্ষক প্রশিক্ষণের আয়োজন এবং প্রশিক্ষণ পরিচালনা করা।
- নিয়মিত সুপারভিশন করা।
- মাঠপর্যায়ে সিএমসি সভা ও অভিভাবক সভা নিশ্চিতকরণ।
- মাসিক কর্মী সভা ও শিক্ষক রিফ্রেশার্স প্রশিক্ষণ নিশ্চিতকরণ।
- উপজেলা পর্যায়ের কর্মসূচি সংক্রান্ত হালনাগাদ তথ্য উপাত্ত সংগ্রহ ও সংরক্ষণ।
- শিক্ষার্থী মূল্যায়ন, পাঠদানের অগ্রগতি নিরূপণ ও নিয়মিত বিদ্যালয় পরিদর্শন নিশ্চিতকরণ।
- নিয়মিত মাসিক অগ্রগতি প্রতিবেদন ও মনিটরিং প্রতিবেদন প্রস্তুত ও যথাযথ কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ করা।
- প্রকল্পের আওতায় বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন করা।
- ইউনিয়ন/উপজেলা পর্যায়ে ইস্যুভিত্তিক এডভোকেসী কার্যক্রম পরিচালনা করা।
- কর্মএলাকায় প্রয়োজনানুসারে হেলথ ক্যাম্প এর আয়োজন করা।
- অফিসিয়াল রেকর্ড পত্র হালনাগাদ রাখা।
- প্রকল্পের প্রয়োজনে এবং সংস্থা কর্তৃক অর্পিত অতিরিক্ত দায়িত্ব পালন করা।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা : প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রীধারী হতে হবে। সংশ্লিষ্ট কাজে ১-২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

অন্যান্য শর্তাবলী :

- কম্পিউটারে কাজ করার দক্ষতা থাকতে হবে।
- শিক্ষা কর্মসূচিতে কাজের অভিজ্ঞতা বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে
- বৈধ লাইসেন্সসহ মোটরসাইকেল চালনায় পারদর্শী হতে হবে।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রসিদ ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্নাজ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ আবেদনপত্র আগামী ১০/০১/২০২৬ তারিখের মধ্যে মানবসম্পদ বিভাগ, পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্রক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। ইমেইলেও আবেদন পাঠাতে পারেন: hr@popibd.org। খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে।

“নারী-শিশু নির্যাতন ও ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দণ্ডনীয় অপরাধ”

web: www.popibd.org